

আমার মন মানে না দিনরজনী ।

আমি কী কথা স্মরিয়া এ তনু ভরিয়া পুলক রাখিতে নারি ।
ওগো, কী ভাবিয়া মনে এ দুটি নয়নে উথলে নয়নবারি—
ওগো সজনি ॥

সে সুধাবচন, সে সুখপরশ, অঙ্গে বাজিছে বাঁশি ।
তাই শুনিয়া শুনিয়া আপনার মনে হৃদয় হয় উদাসী—
কেন না জানি ॥

ওগো, বাতাসে কী কথা ভেসে চলে আসে, আকাশে কী মুখ জাগে ।
ওগো, বনমর্মরে নদীনির্ঝরে কী মধুর সুর লাগে ।
ফুলের গন্ধ বন্ধুর মতো জড়িয়ে ধরিছে গলে—
আমি এ কথা, এ ব্যথা, সুখব্যাকুলতা কাহার চরণতলে
দিব নিছনি ॥

Parjaay: Prem, Taal: Ektaal (3-3), Raag: Mishra Multaan
Visit www.geetabitan.com for notation and other detail